২৫

Total No. of Printed Pages—4

**2 SEM TDC EL BNL 1**

**2016** 16(2)

( May )

# ELECTIVE BENGALI

Course : 201

*Full Marks* : 80

*Pass Marks* : 32/24

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## ক—বিভাগ

১। এক কথায় উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'মেঘনাদবধ কাব্য' ইংরেজীর কত সালে প্রকাশিত?

(খ) কবি 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গটির কি নামকরণ করেছেন?

(গ) "কৌটা খুলি, রক্ষোবধূ যত্নে দিলা ফোঁটা
সীমন্তে; সিন্দুর-বিন্দু শোভিল ললাটে,"

কে এই রক্ষোবধূ?

(ঘ) "নিশার স্বপন সম তোর এ বারতা
রে দূত!"

এই দূতের নাম কি?

(ঙ) 'মেঘনাদবধ কাব্য' কোন্ ছন্দে রচিত?

২। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "হায়! পুত্র, কি আর কহিব
কনক-লঙ্কার দশা! ঘোরতর রণে
হত প্রিয় ভাই তব বীরবাহু বলী!"

বক্তা কে? কাকে উদ্দেশ্য করে, বক্তা কখন একথা বলেছিল?

(খ) ষষ্ঠ সর্গে বর্ণিত রাম চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(গ) "......হায়, তাত, উচিত কি তব
এ কাজ, নিকষা সতী তোমার জননী,
সহোদর রক্ষঃশ্রেষ্ঠ?"

কার উক্তি? কাকে উদ্দেশ্য করে বক্তা একথা বলেছে?

(ঘ) "_____ এ বংশ মম উজ্জ্বল হে আজি
তব পুত্র পরাক্রমে; তবে কেন তুমি
কাঁদ ইন্দুনিভাননে তিতি অশ্রুনীরে?"

কে বলেছেন? কার উদ্দেশ্যে, কখন বক্তা একথা বলেছেন?

৩। 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে? রাবণ, না ইন্দ্রজিৎ? বিচার কর। ১২

*অথবা*

"প্রমীলা বীরাঙ্গনাও নয় লজ্জাশীলা কুলবঁধূও নয়— সে পতিগতপ্রাণা প্রেমিকা নারী। সেই একই প্রেমের দায়ে সে কখনও বীরাঙ্গনা, কখনও কুলবঁধূ।"

মন্তব্যের ভিত্তিতে প্রমীলা চরিত্র আলোচনা কর। ১২





৪। 'মেঘনাদবধ কাব্য'-এর লক্ষ্মণ চরিত্র আলোচনা কর। ১২

*অথবা*

প্রথম সর্গ অবলম্বনে চিত্রাঙ্গদা চরিত্র আলোচনা কর। ১২

## খ—বিভাগ

৫। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটি ইংরেজীর কত সালে প্রকাশিত?

(খ) "বাংলা নীলসন্ধ্যা—কেশবতী কন্যা যেন এসেছে আকাশে;
আমার চোখের 'পরে আমার মুখের 'পরে চুল তার ভাসে;"

কোন্ কবিতার অংশ?

(গ) বেহুলা একদিন কোন্ নদীর জলে ভেলা নিয়ে ভেসেছিল?

(ঘ) জীবনানন্দ দাশের প্রথম কাব্যখানার নাম কি?

৬। 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থে কবি জীবনানন্দ দাশের যে বিশিষ্টতা প্রকাশ পেয়েছে তা তোমার নিজের ভাষায় প্রকাশ কর। ১২

*অথবা*

'যেদিন সরিয়া যাব তোমাদের কাছ থেকে' কবিতায় স্মৃতিচারণার মাধ্যমে কবির যে সুখানুভূতি প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ কর। ১২

৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় বাংলার যে সৌন্দর্য প্রকাশিত হয়েছে তা তোমার নিজের ভাষায় প্রকাশ কর।

অথবা

কবি জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের নামকরণের সার্থকতা বিচার কর।

৮। (ক) কার মাঝে 'বাংলার প্রাণ'-কে কবি অনুভব করেছেন?

(খ) "......সেদিন মরণ এসে অন্ধকারে আমার শরীর
ভিক্ষা ক'রে লয়ে যাবে ;.........
সেদিন রবে না কোনো ক্ষোভ মনে .....।"

কেন কবির মনে কোন ক্ষোভ থাকবে না?

(গ) "বিশুষ্ক পদ্মের দীঘি—ফোঁপরা মহলাঘাট,
হাজার মহাল/ মৃত সব রূপসীরা!"

এইরূপ বর্ণনার মধ্য দিয়ে কবি 'যে শালিক মরে যায় কুয়াশায়' কবিতাটিতে কি বলতে চেয়েছেন?

★★★